# ৫ম ঈশ্বরগঞ্জ উপজেলা পরিষদের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মাহমুদ হাসান সুমন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।

সভার তারিখ ঃ ৩০/০১/২০২২খ্রি.

সময় ঃ বেলা ১১.০০টা

মাধ্যম ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

<u>সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট"ক"</u>

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন।বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি সভার আলোচ্যসূচি মোতাবেক পর্যায়ক্রমে আলোচনার জন্য উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে অনুরোধ জানান এবং নিম্নবর্ণিত আলোচনা অনুষ্ঠিত হয়ঃ-

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলো। কার্যবিবরণীতে কোন সংযোজন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করার পক্ষে মতামত ব্যক্ত করেন। | কার্যবিবরণীতে কোন সংযোজন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি |
| ০২ | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | উপজেলা পরিষদে ন্যস্ত সকল বিভাগের বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার বিগত সভায় যে সকল প্রকল্প গ্রহণ করা হয়েছে সেসব প্রকল্পসমূহের কার্যক্রম বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য অনুরোধ জানান। | উপজেলা পরিষদে ন্যস্ত সকল বিভাগের প্রধানকে বিধি মোতাবেক উপজেলা পরিষদের সিদ্ধান্তনাধীন প্রকল্পসমূহের কার্যক্রম দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/প্রকল্প কমিটি |
| ০৩ | চেয়ারম্যান আঠারবাড়ি ইউপি এর আলোচনা | চেয়ারম্যান, আঠারবাড়ি ইউপি ওমিক্রন মোকবেলায় মাস্ক বিতরণ কার্যক্রম অব্যাহত রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি আসন্ন ইউপি নির্বাচনে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সভাকে অনুরোধ জানান। | ওমিক্রন মোকাবেলায় সংশ্লিষ্ট সকলকে তৎপর হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, আঠারবাড়ি ইউপি, ঈশ্বরগঞ্জ/ সংশ্লিষ্ট সকল, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ |
| ০৪ | চেয়ারম্যান তারুন্দিয়া ইউপি এর আলোচনা | চেয়ারম্যান তারুন্দিয়া ইউপি জানান যে ওমিক্রন মোকাবেলায় সকলকে আন্তরিকভাবে কাজ করতে হবে। তিনি জানান যে করোনা কালীন তাঁর ইউনিয়নে মাস্ক বিতরণ সহ লকডাউন বাস্তবায়নের যাবতীয় কার্যক্রম অব্যাহত রয়েছে। তিনি ইউনিয়ন কমিটির সাথে সমন্বয় করে জনগণকে স্বাস্থবিধি মানাতে তাদের কার্যক্রম অব্যাহত রাখবে মর্মে সভাকে অবহিত করেন। | সকল ইউপি চেয়ারম্যানদের নিজ দায়িত্বে ওমিক্রন সম্পর্কে ব্যপক প্রচারের ব্যবস্থা করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান, ইউপি (সকল) ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ |
| ০৫ | উপজেলা মৎস্য বিভাগের আলোচনা | উপজেলা মৎস্য অফিসার, ঈশ্বরগঞ্জ আন্দাইল বিলে অভয়াশ্রম নির্মাণের জন্য বাশ প্রেরণসহ অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি অভয়াশ্রম নির্মাণে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বরাদ্দ প্রদানের জন্য সভাকে অনুরোধ জানান। | আন্দাইল বিলে অভয়াশ্রম নির্মাণের জন্য ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকার মধ্যে বিল দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট বিভাগ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ |
| ০৬ | উপজেলা নির্বাচন অফিসারের আলোচনা | উপজেলা নির্বাচন অফিসার, ঈশ্বরগঞ্জ আসন্ন ইউপি নির্বাচনে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | আসন্ন ইউপি নির্বাচনে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সহ সংশ্লিষ্ট সকলকে তৎপর হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল, ঈশ্বরগঞ্জ/ উপজেলা নির্বাচন অফিসার, ঈশ্বরগঞ্জ |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের আলোচনা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ ০৮/০১/২০২২ খ্রি. তারিখে এ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৩২,৫০০ জন ছাত্র/ছাত্রীদের মাঝে ফাইজার টিকা কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি টিকা কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি টিকা কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | টিকা কার্যক্রমে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ |
| ০৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের আলোচনা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ঈশ্বরগঞ্জ জানান যে এ উপজেলার অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য বীর নিবাস নির্মাণের জন্য প্রকল্প গ্রহণ করা হয়েছে। এ প্রকল্প টেন্ডারের মাধ্যমে বাস্তবায়ন করা হবে। তিনি এ প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল বিভাগ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ |
| ০৯ | উপজেলা বন বিভাগের আলোচনা | উপজেলা বন কর্মকর্তা, ঈশ্বরগঞ্জ জানান যে উপজেলা পরিষদ চত্বরে অনেক পুরাতন গাছগুলো যেকোন সময় ভেঙ্গে মানুষের প্রাণহানীসহ যেকোন ধরণের দুর্ঘটনা ঘটার সম্ভবনা রয়েছে। তিনি এসব পুরাতন গাছগুলো বিধি মোতাবেক বিক্রি করার জন্য সভাকে অনুরোধ জানান। | বিধি মোতাবেক উপজেলা পরিষদ চত্বরের গাছগুলো বিক্রি করে তা সরকারি কোষাগাড়ে জমা প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা পরিষদ, ঈশ্বরগঞ্জ/ উপজেলা বন বিভাগ, ঈশ্বরগঞ্জ |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | উপজেলা প্রকৌশল বিভাগের আলোচনা | উপজেলা প্রকৌশলী , ঈশ্বরগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরগঞ্জ এঁর সরকারি বাসভবন জরাজীর্ণ তা সংস্কার এবং পার্শ্বে কক্ষ নির্মাণ এর জন্য সভায় আলোচনা করেন। এ বিষয়ে সকল সদস্য সভায় বিস্তারিত আলোচনা করেন। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরগঞ্জ এঁর সরকারি বাসভবন সংস্কার এবং পার্শ্বে কক্ষ নির্মাণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা পরিষদ, ঈশ্বরগঞ্জ/ উপজেলা প্রকৌশলী, ঈশ্বরগঞ্জ |
| ১১ | উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ মহোদয়ের আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার ও সদস্য-সচিব সভাকে জানান এ উপজেলায় ভূমিহীন ও গৃহহীনদের জন্য ৪৬ (ছেচল্লিশ) টি ঘর বরাদ্দ পাওয়া গেছে। ইতোমধ্যে গৃহ তৈরির কাজ শুরু হয়েছে। তিনি গৃহ নির্মাণ কাজ তদারকির জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | গৃহ তৈরির কাজটি তদারকির জন্য সংশ্লিষ্ট সকলকে সহযোগীতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ |
| ১২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ মহোদয়ের আলোচনা | সভাপতি, উপজেলা পরিষদ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ রোডের ব্রীজ দ্রুত সংস্কারের আহ্বান জানান। এলজিইডি বাস্তবায়নে প্রকল্পসমূহ খুব টেকসইভাবে বাস্তবায়নের জন্য আহ্বান জানান। শিরোনামহীন ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠানের জন্য উপজেলা প্রশাসনসহ সংশ্লিষ্ট সকলের আন্তরিকভাবে সহযোগিতা কামনা করেন। তিনি সরকারের উন্নয়নমূলক কর্মকান্ডে স্বচ্ছতা আনয়নে মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখার আহ্বান জানান। | শিরোনামহীন ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল বিভাগ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ |
| ১৩ | মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৩, ময়মনসিংহ-৮, ঈশ্বরগঞ্জ মহোদয়ের আলোচনা | মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৩, ময়মনসিংহ-৮, ঈশ্বরগঞ্জ মহোদয় আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন সুষ্ঠভাবে অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানান। তিনি নির্বাচনী আচরণবিধি এবং আইন-শৃঙ্খলা রক্ষায় উপজেলা প্রশাসনকে কঠোরভাবে কাজ করার জন্য আহ্বান জানান। তিনি আরো জানান যে প্রিজাইডিং অফিসারগণকে কেন্দ্র ভিত্তিক ফলাফল ঘোষণা করতে হবে। তিনি আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বানকে কেন্দ্র করে ছোটখাটো যেসব বিশৃঙ্খলা ঘটেছে সুষ্ঠ তদন্ত সাপেক্ষে আইনানুগ ব্যবস্থা গ্রহণের আহ্বান জানান। | নির্বাচনী আচরণবিধি এবং আইন-শৃঙ্খলা রক্ষায় উপজেলা প্রশাসনকে কঠোরভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ/ সংশ্লিষ্ট সকল, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মাহমুদ হাসান সুমন)
চেয়ারম্যান,উপজেলা পরিষদ
ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ

স্মারক নং ০৫.৪৫.৬১৩১.০১.০০৩.০০১.২০- ৩৯/ক(৫০)

তারিখ ঃ ৩০/০১/২০২২ খ্রিঃ

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে ঃ

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৩ ময়মনসিংহ -৮, ঈশ্বরগঞ্জ ।
০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ ।
০৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার,ময়মনসিংহ ।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
০৫। মেয়র, ঈশ্বরগঞ্জ পৌরসভা,ঈশ্বরগঞ্জ ময়মনসিংহ ।
০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ, ।
০৭। উপজেলা ---------------------------------অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ, ।
০৮। চেয়ারম্যান,---------------------------ইউনিয়ন পরিষদ,(সকল) ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ, ।
০৯। জনাব ----------------------- সদস্য, উপজেলা পরিষদ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ ।
১০। অফিস কপি।

30/01/2022

(মোসাঃ হাফিজা জেসমিন)
উপজেলা নির্বাহী অফিসার
ঈশ্বরগঞ্জ,ময়মনসিংহ

CamScanner

## ৫ম ঈশ্বরগঞ্জ উপজেলা পরিষদের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মাহমুদ হাসান সুমন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।

সভার তারিখ ঃ ২২/০২/২০২২খ্রি.

সময় ঃ বেলা ১১.০০টা

মাধ্যম ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট"ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন।বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি সভার আলোচ্যসূচি মোতাবেক পর্যায়ক্রমে আলোচনার জন্য উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে অনুরোধ জানান এবং নিম্নবর্ণিত আলোচনা অনুষ্ঠিত হয়ঃ-

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলো। কার্যবিবরণীতে কোন সংযোজন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করার পক্ষে মতামত ব্যক্ত করেন। | কার্যবিবরণীতে কোন সংযোজন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি |
| ০২ | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | উপজেলা পরিষদে ন্যস্ত সকল বিভাগের বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার বিগত সভায় যে সকল প্রকল্প গ্রহণ করা হয়েছে সেসব প্রকল্পসমূহের কার্যক্রম বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য অনুরোধ জানান। | উপজেলা পরিষদে ন্যস্ত সকল বিভাগের প্রধানকে বিধি মোতাবেক উপজেলা পরিষদের সিদ্ধান্তনাধীন প্রকল্পসমূহের কার্যক্রম দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/প্রকল্প কমিটি |
| ০৩ | চেয়ারম্যান তারুন্দিয়া ইউপি এর আলোচনা | চেয়ারম্যান তারুন্দিয়া ইউপি লক্ষ্যমাত্রা অনুযায়ী এ উপজেলায় ৭০% টিকা কার্যক্রম বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে সমন্বিতভাবে কাজ করার অনুরোধ জানান। তিনি আরো জানান টিকা কেন্দ্রগুলোতে পর্যাপ্ত পুরুষ ও মহিলা স্বাস্থ্য সহকারী দেওয়া হলে টিকা কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়ন হবে। | কেন্দ্রগুলোতে পর্যাপ্ত পুরুষ ও মহিলা স্বাস্থ্য সহকারী দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ/ সংশ্লিষ্ট সকল, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগের আলোচনা | উপজেলা কৃষি কর্মকর্তা, ঈশ্বরগঞ্জ জানান টিকা কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়নের জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ সহযোগিতা করে যাচ্ছেন। তিনি জানান যে টিকা কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা প্রয়োজন। | টিকা কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট বিভাগ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ |
| ০৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের আলোচনা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ টিকা কার্যক্রমের নির্দিষ্ট লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি জানান আইসিটি ভবনের প্রস্তাবিত স্থানে একটি বড় রেইনট্রি গাছ থাকায় ভবন নির্মাণের কাজ শুরু করা যাচ্ছে না। তিনি বিধি মোতাবেক উক্ত গাছ কাটার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অনুরোধ জানান | বিধি মোতাবেক আইসিটি ভবনের প্রস্তাবিত স্থানের রেইনট্রি গাছ কাটার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | বন বিভাগ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ/ সংশ্লিষ্ট বিভাগ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ |
| ০৬ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের আলোচনা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ঈশ্বরগঞ্জ জানান যে এ উপজেলার অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য বীর নিবাস নির্মাণের নির্মাণের কাজ চলমান রয়েছে। তিনি বীর নিবাসের কার্যক্রম তদারকি করার জন্য জনপ্রতিনিধি সহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল বিভাগ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ |
| ০৭ | উপজেলা শিক্ষা বিভাগের আলোচনা | উপজেলা অফিসারের প্রতিনিধি সহকারী উপজেলা শিক্ষা অফিসার জনাব আতিকুর রহমান জানান টিকা কার্যক্রম বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সক্রিয়ভাবে কাজ করার অনুরোধ জানান। টিকা কেন্দ্রগুলোতে আগত ছাত্রীরা যাতে ইভ টিজিং এর শীকার না হয় সেদিকে খেয়াল রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | টিকা কেন্দ্রগুলোতে আগত ছাত্রীরা যাতে ইভ টিজিং এর শীকার না হয় সেদিকে খেয়াল রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | উপজেলা পরিষদ, ঈশ্বরগঞ্জ/ উপজেলা বন বিভাগ, ঈশ্বরগঞ্জ |
| ০৮ | উপজেলা সড়ক ও জনপথ বিভাগের আলোচনা | উপ-সহকারী প্রকৌশলী, সওজ, ঈশ্বরগঞ্জ জানান পৌরসভার ভিতরে রাস্তার দু পাশের ঘর না সড়ানোতে প্রায় ০৩ কিলোমিটার রাস্তার কাজ বন্ধ রয়েছে। তিনি রাস্তার কাজ দ্রুত সম্পাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | রাস্তার কাজ দ্রুত সম্পাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, ঈশ্বরগঞ্জ পৌরসভা/ সংশ্লিষ্ট সকল, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ মহোদয়ের আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার ও সদস্য-সচিব সভাকে জানান আসন্ন পবিত্র রমজান উপলক্ষ্যে সরকার সমগ্র বাংলাদেশর সকল সিটি কর্পোরেশন, জেলা, উপজেলা, পৌরসভা এবং ইউনিয়ন পর্যায়ে নিম্ন আয়ের ০১ (এক) কোটি পরিবারের নিকট রমজান শুরুর আগে ও রমজানের মাঝামাঝি মোট ০২(দুই) বার টিসিবি'র পণ্যসামগ্রী ভর্তুকী মূল্যে বিক্রির সিদ্ধান্ত গ্রহণ করেছে। এরই প্রেক্ষিতে ঈশ্বরগঞ্জ উপজেলায় ১ম পর্যায়ে ০১ (এক)টি পৌরসভা এবং ১১ (এগার) টি ইউনিয়নের ৩৬ টি কেন্দ্রে মোট ২১১৬২ টি নিম্ন আয়ের পরিবারের নিকট ফ্যামিলি কার্ডের মাধ্যমে ভর্তুকী মূল্যে ১২ জন ডিলার পণ্য বিক্রি করবেন। টিসিবি পণ্যের তালিকায় রয়েছে ২ লিটার তেল, ২ কেজি ডাল এবং ২ কেজি চিনি। তিনি আরো জানান যে এ উপজেলার নিম্ন আয়ের মানুষের মাঝে টিসিবি পণ্য সুষ্ঠভাবে বন্টনের লক্ষ্যে পৌরসভা ও ইউনিয়ন ট্যাগ টিম গঠন করা হয়েছে। তিনি টিসিবি পণ্য সুষ্ঠভাবে বন্টনের লক্ষ্যে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। | টিসিবি পণ্য সুষ্ঠভাবে বণ্টনের লক্ষ্যে ট্যাগ টিমসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ |
| ১০ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ মহোদয়ের আলোচনা | সভাপতি, উপজেলা পরিষদ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ HDU এর সামগ্রিক সরঞ্জাম আনা হয়েছে মর্মে সভাকে জানান। তিনি ICT ভবন নির্মাণের প্রস্তাবিত স্থানের রেইনট্রি গাছ বিধি মোতাবেক কাটার ব্যবস্থা গ্রহণের আহ্বান জানান। তিনি সরকারের বিভিন্ন ভাতা প্রদানে এবং উন্নয়নমূলক কর্মকান্ডে স্বচ্ছতা আনয়নে মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখার আহ্বান জানান। | ICT ভবন নির্মাণের প্রস্তাবিত স্থানের রেইনট্রি গাছ বিধি মোতাবেক কাটার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | বন বিভাগ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মাহমুদ হাসান সুমন)
চেয়ারম্যান,উপজেলা পরিষদ
ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ

স্মারক নং ০৫.৪৫.৬১৩১.০১.০০৩.০০১.২০-৮৭-১ (৫০)

তারিখ ঃ ২২/০২/২০২২ খ্রি.

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে ঃ

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৩ ময়মনসিংহ -৮, ঈশ্বরগঞ্জ ।
০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ ।
০৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার,ময়মনসিংহ ।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
০৫। মেয়র, ঈশ্বরগঞ্জ পৌরসভা,ঈশ্বরগঞ্জ ময়মনসিংহ ।
০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ,।
০৭। উপজেলা ------------------------------------অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ, ।
০৮। চেয়ারম্যান,----------------------------ইউনিয়ন পরিষদ,(সকল) ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ,।
০৯। জনাব ------------------------ সদস্য, উপজেলা পরিষদ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ ।
১০। অফিস কপি।

22/02/2022
(মোসাঃ হাফিজা জেসমিন)
উপজেলা নির্বাহী অফিসার
ঈশ্বরগঞ্জ,ময়মনসিংহ

CamScanner

# ৫ম ঈশ্বরগঞ্জ উপজেলা পরিষদের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মাহমুদ হাসান সুমন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।

সভার তারিখ ঃ ২১/০৩/২০২২খ্রি.

সময় ঃ বেলা ১১.০০টা

মাধ্যম ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট"ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন।বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি সভার আলোচ্যসূচি মোতাবেক পর্যায়ক্রমে আলোচনার জন্য উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে অনুরোধ জানান এবং নিম্নবর্ণিত আলোচনা অনুষ্ঠিত হয়ঃ-

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলো। কার্যবিবরণীতে কোন সংযোজন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করার পক্ষে মতামত ব্যক্ত করেন। | কার্যবিবরণীতে কোন সংযোজন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি |
| ০২ | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | উপজেলা পরিষদে ন্যস্ত সকল বিভাগের বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার বিগত সভায় যে সকল প্রকল্প গ্রহণ করা হয়েছে সেসব প্রকল্পসমূহের কার্যক্রম বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য অনুরোধ জানান। | উপজেলা পরিষদে ন্যস্ত সকল বিভাগের প্রধানকে বিধি মোতাবেক উপজেলা পরিষদের সিদ্ধান্তনাধীন প্রকল্পসমূহের কার্যক্রম দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/প্রকল্প কমিটি |
| ০৩ | চেয়ারম্যান ঈশ্বরগঞ্জ ইউপি এর আলোচনা | চেয়ারম্যান, ঈশ্বরগঞ্জ ইউপি তাঁর ইউনিয়নের চর পূবাইল হতে হারুয়া রাস্তা দ্রুত সংস্কারের জন্য আবেদন জানান। তিনি এডিপি ফান্ডের টেন্ডার ও পিআইসি এর ব্যবস্থা করার জন্য অনুরোধ জানান। | প্রকল্পসমূহ যাচাইয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট বিভাগ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ |
| ০৪ | বিএডিসি (ক্ষুদ্রসেচ) ইউনিট, ঈশ্বরগঞ্জ | সদস্য-সচিব উপজেলা সেচ কমিটি, ঈশ্বরগঞ্জ সেচ নীতিমালায় সেচ লাইসেন্স প্রদান সংক্রান্ত ব্যয়, সভা পরিচালনা সংক্রান্ত ব্যয় এবং অন্যান্য আনুষঙ্গিক যাবতীয় কাজের ব্যয় উপজেলা সেচ কমিটির সংশ্লিষ্ট তহবিল হতে ব্যয়ের নির্দেশনা রয়েছে মর্মে জানান। তিনি সেচযন্ত্রের মাঠ পরিদর্শনের প্রেক্ষিতে পরিদর্শন ও সমীক্ষা ফি প্রদানের জন্য সভাকে অনুরোধ জানান। | বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি ঈশ্বরগঞ্জ (ক্ষুদ্রসেচ) ইউনিট, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ |
| ০৫ | উপজেলা স্বাস্থ্য বিভাগের আলোচনা | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ঈশ্বরগঞ্জ ২য় ডোজ টিকা কার্যক্রমে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | ঈশ্বরগঞ্জ ২য় ডোজ টিকা কার্যক্রমে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পুলিশ বিভাগ, ঈশ্বরগঞ্জ থানা/ সংশ্লিষ্ট সকল বিভাগ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ |
| ০৬ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ মহোদয়ের আলোচনা | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ জানান অত্র উপজেলা পরিষদ কার্যালয়ে কর্মরত জনাব নাজমা বেগম, সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর এবং জনাব আব্দুল লোবান, জীপগাড়ী চালক, উপজেলা পরিষদ, ঈশ্বরগঞ্জ এর চাকুরী কাল ৩০/০৪/২০১২ খ্রি. তারিখে ১০ বছর পূর্ণ হওয়ায় উচ্চতর গ্রেড পাওয়ার জন্য আবেদন করেন। এস.আর.ও নং ৩৭৮-আইন/জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুচ্ছেদ ০৭(১) অনুযায়ী এবং বাস্তবায়ন অনুবিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২১/০৯/২০১৬ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১৬১.০০.০০২.১৬ (অংশ-১)-২৩২ নং পরিপত্রের অনুচ্ছেদ (গ) উপানুচ্ছেদ (৩) এর নির্দেশনা মোতাবেক কোন কর্মচারী পদোন্নতি ব্যতিরেকে একই বছর ১০ বছর পূর্তিতে চাকুরীকাল সন্তোষজনক হওয়া সাপেক্ষে স্বয়ংক্রিয়ভাবে ১১ তম বছরে পরবর্তী উচ্চতর গ্রেডে বেতনভাতা প্রাপ্য হবেন। সেই মোতাবেক কর্মচারীর ৩০/০৫/২০২২ খ্রি. হতে উচ্চতর গ্রেড প্রাপ্য হবেন। | ঈশ্বরগঞ্জ উপজেলা পরিষদের নিয়োজিত ০২ (দুই) জন কর্মচারীর চাকুরীকাল সন্তোষজনক ১০ (দশ) বছর পূর্ণ হওয়ার বিধি মোতাবেক সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর কে ১৪ তম গ্রেড থেকে ১৩ তম গ্রেড এবং জীপগাড়ী চালককে ১৫ তম গ্রেড হতে ১৪ তম গ্রেডে উচ্চতর স্কেল দেওয়ার সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ মহোদয়ের আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার ও সদস্য-সচিব এ উপজেলার নিম্ন আয়ের মানুষের মাঝে টিসিবি পণ্য সুষ্ঠভাবে বণ্ঠনের লক্ষ্যে মোবিলাইজিং টিম সহ সংশ্লিষ্ট সকলকে তৎপর থাকার আহ্বান জানান। এছাড়া তিনি পৌরসভা সহ সকল ইউনিয়নে ১ম পর্যায়ের টিসিবি কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি ২য় পর্যায়ের টিসিবি পণ্য বিতরণে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া মুক্তির উৎসব ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী মেলায় উপজেলার সকল প্রতিষ্ঠান স্বতস্ফূর্তভাবে অংশগ্রহণ করায় সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। | ২য় পর্যায়ে টিসিবি পণ্য সুষ্ঠভাবে বণ্ঠনের লক্ষ্যে মোবিলাইজিং টিমসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ট্যাগ অফিসার সকল, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ/ সংশ্লিষ্ট সকল, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ |
| ০৮ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ মহোদয়ের আলোচনা | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ আঠারবাড়ি হতে ঈশ্বরগঞ্জ রাস্তার কাজ দ্রুত সম্পাদনের লক্ষ্যে পৌরসভার ভিতরে জমি অধিগ্রহণ সংক্রান্ত জটিলতা উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর নেতৃত্বে সমাধানের অনুরোধ জানান। তিনি উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভা ও আইন-শৃঙ্খলা সভা ম্যানুয়্যাল অনুযায়ী করার আহ্বান জানান। তিনি ইউপি নির্বাচনের কারণে এডিপি প্রকল্প গ্রহণ করা হয়নি মর্মে সভাকে অবহিত করেন। | আঠারবাড়ি হতে ঈশ্বরগঞ্জ রাস্তার কাজ দ্রুত সম্পাদনের লক্ষ্যে পৌরসভার ভিতরে জমি অধিগ্রহণ সংক্রান্ত জটিলতা উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর নেতৃত্বে সমাধানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভা ও আইন-শৃঙ্খলা সভা ম্যানুয়্যাল অনুযায়ী করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।/ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ। |
| ০৯ | মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৩, ময়মনসিংহ-৮, ঈশ্বরগঞ্জ মহোদয়ের আলোচনা | মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৩, ময়মনসিংহ-৮, ঈশ্বরগঞ্জ মহোদয় উপজেলা পরিষদ সমন্বয় সভায় নির্বাচিত সংরক্ষিত মহিলাদের আসন নিশ্চিত করার আহ্বান জানান। তিনি পরবর্তী সভায় সংশ্লিষ্ট সকলের উপস্থিতি নিশ্চিত করার আহ্বান জানান। তিনি কাঁচা বাজার স্থানান্তর, যানজট নিরসন ও বাসস্ট্যান্ড স্থানান্তরের জন্য প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের আহ্বান জানান। রাস্তায় দাড়িয়ে যাতে অবৈধভাবে চাঁদা আদায় করতে না পারে সংশ্লিষ্ট বিভাগকে সে বিষয়ে তৎপর থাকার আহ্বান জানান ।এছাড়া তিনি মুক্তির উৎসব ও স্বাধীনতার সূবর্ণ জয়ন্তী মেলা সুষ্ঠুভাবে আয়োজনের জন্য উপজেলা প্রশাসন সহ সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। | নির্বাচিত সংরক্ষিত মহিলাদের আসন নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>কাঁচা বাজার স্থানান্তর, যানজট নিরসন ও বাসস্ট্যান্ড স্থানান্তরের জন্য প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>রাস্তায় দাড়িয়ে যাতে অবৈধভাবে চাঁদা আদায় করতে না পারে সংশ্লিষ্ট বিভাগকে সে বিষয়ে তৎপর থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ/পুলিশ বিভাগ, ঈশ্বরগঞ্জ থানা/ সংশ্লিষ্ট সকল, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মাহমুদ হাসান সুমন)
চেয়ারম্যান,উপজেলা পরিষদ
ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ

স্মারক নং ০৫.৪৫.৬১৩১.০১.০০৩.০০১.২০- ১৪০ (৫০)

তারিখ ঃ ২১/০৩/২০২২ খ্রি.

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে ঃ

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৩ ময়মনসিংহ -৮, ঈশ্বরগঞ্জ ।
০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ ।
০৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার,ময়মনসিংহ ।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
০৫। মেয়র, ঈশ্বরগঞ্জ পৌরসভা,ঈশ্বরগঞ্জ ময়মনসিংহ ।
০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ, ।
০৭। উপজেলা ----------------------------------অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ, ।
০৮। চেয়ারম্যান,-------------------------ইউনিয়ন পরিষদ,(সকল) ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ, ।
০৯। জনাব ------------------------ সদস্য, উপজেলা পরিষদ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ ।
১০। অফিস কপি।

২১/০৩/2022
(মোসাঃ হাফিজা জেসমিন)
উপজেলা নির্বাহী অফিসার
ঈশ্বরগঞ্জ,ময়মনসিংহ

CamScanner

# ৫ম ঈশ্বরগঞ্জ উপজেলা পরিষদের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মাহমুদ হাসান সুমন<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ। |
| সভার তারিখ | ঃ | ১৮/০৪/২০২২খ্রি. |
| সময় | ঃ | বেলা ০৩.৩০টা |
| মাধ্যম | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"

সভাপতি নব নির্বাচিত ইউপি চেয়ারম্যান এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন।বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি সভার আলোচ্যসূচি মোতাবেক পর্যায়ক্রমে আলোচনার জন্য উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে অনুরোধ জানান এবং নিম্নবর্ণিত আলোচনা অনুষ্ঠিত হয়ঃ-

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলো। কার্যবিবরণীতে কোন সংযোজন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করার পক্ষে মতামত ব্যক্ত করেন। | কার্যবিবরণীতে কোন সংযোজন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি |
| ০২ | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | উপজেলা পরিষদে ন্যস্ত সকল বিভাগের বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার বিগত সভায় ঈশ্বরগঞ্জ উপজেলার চলমান প্রকল্পসমূহের কার্যক্রম বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য অনুরোধ জানান। | উপজেলা পরিষদে ন্যস্ত সকল বিভাগের প্রধানকে বিধি মোতাবেক উপজেলা পরিষদের সিদ্ধান্তনাধীন প্রকল্পসমূহের কার্যক্রম দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/প্রকল্প কমিটি |
| ০৩ | চেয়ারম্যান ঈশ্বরগঞ্জ ইউপি এর আলোচনা | চেয়ারম্যান, ঈশ্বরগঞ্জ ইউপি ২য় বারের মত নির্বাচিত হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এবং ফায়ার সার্ভিস এর এ্যাম্বুলেন্স মেরামতের জন্য অনুরোধ জানান। তিনি পুষ্টি কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকির জন্য সভাকে অনুরোধ জানান। এছাড়া প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার গুণগত মান আরো বৃদ্ধির লক্ষ্যে শিক্ষা বিভাগ, সচেতন নাগরিকসহ সংশ্লিষ্ট সকলকে তৎপর থাকার অনুরোধ জানান। | ফায়ার সার্ভিস অফিসের এ্যাম্বুলেন্স মেরামত যোগ্য কি-না তা দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট বিভাগ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ |
| ০৪ | চেয়ারম্যান সরিষা ইউপি এর আলোচনা | চেয়ারম্যান, সরিষা ইউপি বর্তমান সময়ে সরকারি রাস্তা ঘেষে পুকুর নির্মাণ করায় রাস্তা ভেঙ্গে যাচ্ছে মর্মে সভাকে অবহিত করেন এবং এসব পুকুর মালিকদের চিহ্নিত করে ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অনুরোধ জানান। এছাড়া প্রাকৃতিক পরিবেশ রক্ষায় রাস্তার পাশে বনায়ন কর্মসূচী গ্রহণের জন্য সভাকে অনুরোধ জানান। | চেয়ারম্যান, সরিষা ইউপি তাঁর ইউনিয়নে সরকারি রাস্তার ঘেষে পুকুর নির্মাণকারীদের চিহ্নিত করে বিস্তারিত তথ্য এ কার্যালয়ে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কমিশনার (ভূমি), ঈশ্বরগঞ্জ/ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ঈশ্বরগঞ্জ/ উপজেলা প্রকৌশলী, ঈশ্বরগঞ্জ/উপ-সহকারী প্রকৌশলী (সওজ), ঈশ্বরগঞ্জ/চেয়ারম্যান (সকল), ইউপি, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ। |
| ০৪ | চেয়ারম্যান আঠারবাড়ি ইউপি এর আলোচনা | চেয়ারম্যান, আঠারবাড়ি ইউপি কেন্দুয়া-কিশোরগঞ্জ রাস্তার আঠারবাড়ি অংশের কাজ নিম্নমানের হয়েছে মর্মে সভাকে অবহিত করেন । তিনি আরো জানান রাস্তার দু'পাশে দুটি ড্রেন করা হয়েছে যা এখন প্রায় অচল। তিনি উক্ত ড্রেন দুটি সংস্কারের জন্য সভাকে অনুরোধ জানান। | চেয়ারম্যান, আঠারবাড়ি ইউপি তাঁর ইউনিয়ন পরিষদ থেকে প্রকল্প গ্রহণ করে ড্রেন দুটি সংস্কারের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, আঠারবাড়ি ইউপি, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ। |
| ০৫ | চেয়ারম্যান, জাটিয়া ইউপি এর আলোচনা | চেয়ারম্যান, জাটিয়া ইউপি ২য় বারের মত নির্বাচিত হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি জানান তাঁর ইউনিয়নের দেওয়ানগঞ্জ বাজার হতে বাশাটি ও মালিয়াটি ০২ (দুই) কিলোমিটার রাস্তা কাঁচা রয়েছে। তিনি উক্ত রাস্তা দুটি পাকা করণের জন্য সভাকে অনুরোধ জানান। | উপজেলা প্রকৌশলী, ঈশ্বরগঞ্জ সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ। |
| ০৬ | চেয়ারম্যান, মগটুলা ইউপি এর আলোচনা | চেয়ারম্যান, মগটুলা ইউপি তাঁর ইউনিয়নের বৈরাটি আলিম মাদ্রাসায় দীর্ঘদিন যাবৎ কমিটি নেই মর্মে সভাকে অবহিত করেন। তিনি মাদ্রাসা পরিচালনায় গতিশীলতা আনয়নে উক্ত মাদ্রাসায় কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অনুরোধ জানান। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঈশ্বরগঞ্জ বৈরাটি আলিম মাদ্রাসার কমিটি গঠনের বিষয়ে সুস্পষ্ট প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঈশ্বরগঞ্জ/ অধ্যক্ষ, বৈরাটি আলিম মাদ্রাসা, মগটুলা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | চেয়ারম্যান, উচাখিলা ইউপি এর আলোচনা | চেয়ারম্যান, উচাখিলা ইউপি তাঁর ইউনিয়নের মরিচারচর এলাকা ব্রহ্মপুত্র নদের তীরবর্তী হওয়ায় রাস্তাঘাট দ্রুত নষ্ট হয়ে যায় মর্মে সভাকে অবহিত করেন। তিনি তাঁর ইউনিয়নের ব্রহ্মপুত্র নদ সংলগ্ন মরিচারচর গ্রামে ০১ (এক) টি রাস্তা ও ০১ (এক) টি ব্রীজ ভেঙ্গে গেছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি উক্ত রাস্তা ও ব্রীজ সংস্কারের জন্য সভাকে অনুরোধ জানান। | উপজেলা প্রকৌশলী, ঈশ্বরগঞ্জ এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,ঈশ্বরগঞ্জ সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপউপজেলা প্রকৌশলী, ঈশ্বরগঞ্জ / উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ। |
| ০৮ | চেয়ারম্যান, তারুন্দিয়া ইউপি এর আলোচনা | চেয়ারম্যান, তারুন্দিয়া ইউপি তাঁর ইউনিয়নের ০১ (এক) জন OMS ডিলার মৃত্যুবরণ করেছেন এবং উক্ত ডিলারশীপ তার ছেলে পরিচালনা করছেন মর্মে সভাকে অবহিত করেন। তিনি তাঁর ইউনিয়নের সরতাজ বহেড়া থেকে নাওভাঙ্গা চর পর্যন্ত রাস্তা চলাচলের অনুপযোগি হয়ে গেছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি উক্ত রাস্তা সংস্কার করার জন্য সভাকে অনুরোধ জানান। এছাড়া কোণাপাড়া উচ্চ বিদ্যালয়ের ২য় তলা থেকে ৩য় তলায় উন্নীতকরণের কাজ ধীর গতিতে হচ্ছে মর্মে সভাকে জানান। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ঈশ্বরগঞ্জ, তারুন্দিয়া ইউনিয়নের OMS ডিলারের বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ। |
| ০৯ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের আলোচনা | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঈশ্বরগঞ্জ আশ্রয়ণ প্রকল্পের ১ম পর্যায়ে ১০ (দশ) টি টিউবওয়েল স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি আরো জানান ২য় পর্যায়ে আশ্রয়ণ প্রকল্পের ১০ (দশ) টি টিউবওয়েল স্থাপনের কাজ চলমান রয়েছে। ৩য় পর্যায়ে আশ্রয়ণ প্রকল্পে টিউবওয়েল স্থাপনের তালিকা দেওয়ার জন্য সভাকে অনুরোধ জানান। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঈশ্বরগঞ্জ, আশ্রয়ণ প্রকল্পের চলমান টিউবওয়েল স্থাপনের কাজ দ্রুত সম্পন্ন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের আলোচনা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ এ উপজেলায় বঙ্গবন্ধু শেখ মুজিব ডিজিটাল সেন্টারের ভিত্তি প্রস্থর স্থাপন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। এছাড়া মাদ্রাসা বিভাগের ২২ (বাইশ) টি এবং মাধ্যমিক বিদ্যালয়ের ২৮ (আটাশ) টি MPO আবেদন গত মাসে নিষ্পত্তি হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসা বিভাগের MPO আবেদন দ্রুত সময়ে নিষ্পত্তি করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ। |
| ১১ | উপজেলা স্বাস্থ্য বিভাগের আলোচনা | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ঈশ্বরগঞ্জ মাইজবাগ ইউনিয়নের হারুয়াতে নতুন ০১ (এক) টি কমিউনিটি ক্লিনিক হবে মর্মে সভাকে অবহিত করেন। এছাড়া কোভিড-১৯ এর টিকা কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি করোনার ২য় এবং বুস্টার ডোজ গ্রহণে জনগণকে উৎসাহিত করার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | করোনার ২য় এবং বুস্টার ডোজ গ্রহণে জনগণকে উৎসাহিত করণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়নের জনপ্রতিনিধিগণ প্রচারের ব্যবস্থা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | পুলিশ বিভাগ, ঈশ্বরগঞ্জ থানা/ সংশ্লিষ্ট সকল বিভাগ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ/ চেয়ারম্যান (সকল), ইউপি, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ। |
| ১২ | উপ বিভাগীয় প্রকৌশলী, সওজ, কিশোরগঞ্জ এর আলোচনা | উপ বিভাগীয় প্রকৌশলী, সওজ, কিশোরগঞ্জ জানান ঈশ্বরগঞ্জ হতে আঠারবাড়ি রাস্তার পৌরসভার ভিতরে ৩ কিলোমিটার রাস্তার উন্নয়ন কাজ বন্ধ রয়েছে। তিনি উক্ত রাস্তার কাজ দ্রুত করার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | আঠারবাড়ি হতে ঈশ্বরগঞ্জ রাস্তার কাজ দ্রুত সম্পাদনের লক্ষ্যে পৌরসভার ভিতরে জমি অধিগ্রহণ সংক্রান্ত জটিলতা উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর নেতৃত্বে সমাধানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঈশ্বরগঞ্জ/ উপ-সহকারী প্রকৌশলী, (সওজ), ঈশ্বরগঞ্জ |
| ১৩ | উপজেলা প্রাণী সম্পদ বিভাগের আলোচনা | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, ঈশ্বরগঞ্জ জানান, তাঁর দপ্তরের ০১ তলা বিশিষ্ট ০৩ (তিন) টি ভবন দীর্ঘদিন যাবৎ পরিত্যক্ত অবস্থায় আছে। মৎস্য ও প্রাণীসম্পদ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক উপজেলা প্রকৌশলী ভবন ০৩ (তিন) টি সরেজমিনে পরিদর্শন করে নিলামে বিক্রয় করা যেতে পারে মর্মে মতামত প্রদান করেন। উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, উপজেলা প্রকৌশলী, এলজিইডি এর সহায়তায় ভবন ০৩ টির প্রাক্কলিত মূল্য তৈরি করেন।<br>প্রাক্কলিত মূল্য :<br>ভবনের উপকরণ মূল্য-২,৮৩,৯৮৮/-<br>ভবন অপসারণ খরচ-১,১১,৩৬৬.৬৪/-<br>নেট বিল-১,৭২,৬২১.৩৬/- যাহা উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় অনুমোদনের জন্য বিস্তারিত আলোচনা করেন। | উপজেলা প্রাণীসম্পদ দপ্তর, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ এর ০৩ (তিন) টি ভবন (ভবন ০১-০৩) ব্যবহার ও মেরামত অনুপযোগি বিষয়ে ভবন ০৩ (তিন) টি মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক নিলামে বিক্রির সিদ্ধান্ত ও প্রাক্কলিত মূল্যের অনুমোদন সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা কনডেমনেশন কমিটিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঈশ্বরগঞ্জ/ উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরগঞ্জ/ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ঈশ্বরগঞ্জ |
| ১৪ | উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ মহোদয়ের আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার ও সদস্য-সচিব এ উপজেলার ভূমিহীনদের জন্য গৃহ নির্মাণ প্রকল্পের আওতায় প্রত্যেক ইউনিয়ন থেকে যেসব আবেদন পাওয়া গেছে তারা প্রকৃতপক্ষে ভূমিহীন কি-না তা যাচাইপূর্বক জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট বিভাগসমূহকে নিশ্চিত করার জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া ভূমিহীন ও গৃহহীনদের জন্য ৪র্থ পর্যায়ে ৪০ (চল্লিশ) টি ঘর বরাদ্দ পাওয়া গেছে মর্মে সভাকে জানান। ইতোমধ্যে গৃহ তৈরির কাজ শুরু হয়েছে। তিনি গৃহ নির্মাণের কাজ তদারকির জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | ভূমিহীনদের জন্য গৃহ নির্মাণ প্রকল্পের আওতায় প্রত্যেক ইউনিয়ন থেকে যেসব আবেদন পাওয়া গেছে তারা প্রকৃতপক্ষে ভূমিহীন কি-না তা যাচাইপূর্বক জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট বিভাগসমূহকে নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ভূমিহীনদের জন্য গৃহ নির্মাণ কাজ সংশ্লিষ্ট সকলকে তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ট্যাগ অফিসার সকল, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ/ চেয়ারম্যান (সকল), ইউপি ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
